

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
পরিচালন বাজেট শাখা  
[www.tmed.gov.bd](http://www.tmed.gov.bd)

স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৪.০২.০২৮.১৮(অংশ)-১৬৪

তারিখ: ৪ আষাঢ়, ১৪৩০ বঙ্গাব্দ  
১৮ জুন ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয়: শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারি ও শিক্ষার্থীদের অনুকূলে বরাদ্দকৃত অর্থ বিতরণ প্রসঙ্গো।**

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চলতি ২০২২-২০২৩ অর্থবছরের সংশোধিত পরিচালন বাজেটে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন “১৬০০১০১-১২০০০১৫১৪- শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারি এবং ছাত্রবৃন্দের জন্য বিশেষ অনুদান”-এর ৩৬৩১১০৭-বিশেষ অনুদান খাতে ৭,০০,০০,০০০/- (সাত কোটি) টাকা বরাদ্দ রয়েছে। উক্ত বরাদ্দকৃত অর্থ হতে আর্থিক অনুদান বাবদ অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারি ও শিক্ষার্থীদের নামের পাশে বর্ণিত হারে বাংলাদেশ ডাক বিভাগের ডিজিটাল ফিন্যান্সিয়াল সার্ভিস “নগদ লিমিটেড”-কে এ বিভাগের সাথে সম্পাদিত চুক্তি মোতাবেক মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে সংযুক্ত বর্ণনা অনুযায়ী নিম্নোক্ত শর্তে বিতরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সংযুক্তিসমূহ:**

- ক) মনোনীত প্রত্যেক প্রতিষ্ঠানকে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা করে ৪২০টি প্রতিষ্ঠানকে ১,০৫,০০,০০০/- (এক কোটি পাঁচ লক্ষ) টাকা।
- খ) মনোনীত শিক্ষক-কর্মচারি ক্যাটাগরিতে প্রত্যেক শিক্ষক-কর্মচারিকে ১০,০০০/- (দশ হাজার) টাকা করে ৭০০ জন শিক্ষক-কর্মচারিকে মোট ৭০,০০,০০০/- (সত্তর লক্ষ) টাকা।
- গ) মনোনীত ইবতেদায়ী (১ম থেকে ৫ম) পর্যন্ত ১৭৫০ জন শিক্ষার্থীকে ৩,০০০/- (তিন হাজার) টাকা করে মোট ৫২,৫০,০০০/- (বায়ান্ন লক্ষ পঞ্চাশ হাজার) টাকা।
- ঘ) মনোনীত ৬ষ্ঠ হতে ১০ম (দাখিল ও ভোকেশনাল) পর্যন্ত ৬,৩০০ জন শিক্ষার্থীকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা করে মোট ৩,১৫,০০,০০০/- (তিন কোটি পনের লক্ষ) টাকা।
- ঙ) মনোনীত এইচএসসি (বিএম) আলিম ও ডিপ্লোমা পর্যন্ত ১৭৫০ শিক্ষার্থীকে ৬০০০/- (ছয় হাজার) টাকা করে ১,০৫,০০,০০০/- (এক কোটি পাঁচ লক্ষ) টাকা।
- চ) মনোনীত কামিল, ফাজিলসহ তদুর্ধ্ব শ্রেণি পর্যন্ত ৭৫০ জনকে ৭০০০/- (সাত হাজার) টাকা করে মোট ৫২,৫০,০০০/- (বায়ান্ন লক্ষ পঞ্চাশ হাজার) টাকা।

**:শর্তসমূহ:**


- (১) চুক্তির শর্ত অনুযায়ী বাংলাদেশ ডাক বিভাগের ডিজিটাল ফিন্যান্সিয়াল সার্ভিস “নগদ লিমিটেড” এর পক্ষে প্রধান নির্বাহী কর্মকর্তা নগদ লিমিটেড, ঢাকা মনোনীত শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারি ও শিক্ষার্থীদের নামের পাশে বর্ণিত হারে অর্থ বিতরণ করবেন এবং বিতরণ শেষে বিস্তারিত প্রতিবেদন কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে দাখিল করবেন;
  - (২) কোন শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী, শিক্ষার্থীদের নাম যদি দুই বার মঞ্জুরি হয়ে থাকে সে ক্ষেত্রে একটি মঞ্জুরির বিপরীতে মঞ্জুরকৃত টাকা ছাড় করতে হবে।
  - (৩) শিক্ষা প্রতিষ্ঠানের অনুকূলে বরাদ্দকৃত অর্থ মনোনীত শিক্ষা প্রতিষ্ঠানের ব্যাংক হিসাব নম্বরে প্রদান করবেন।
- ০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হল।

(মো: আখতারুজ্জামান)  
যুগ্মসচিব  
ফোনঃ ৫৫১০০৪১৩

প্রধান নির্বাহী কর্মকর্তা  
নগদ লিমিটেড, ঢাকা।

**অনুশিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, ঢাকা-১০০০।
- ৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৪। প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক, .....(সকল)।
- ৬। মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। উপসচিব, বাজেট অধিশাখা-২, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৯। সিনিয়র সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ১০। উপজেলা নির্বাহী অফিসার, .....(সকল)।
- ১১। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১২। জেলা শিক্ষা অফিসার, .....(সকল)।
- ১৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, .....(সকল)।
- ১৪। হিসাবরক্ষণ কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



(মো: আখতারুজ্জামান)

যুগ্মসচিব